

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।
www.dgfood.gov.bd

তারিখ: ১৫ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
৩১ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০১৪.২২.২৬৯১

বিষয়: মোংলা সাইলো হতে নারায়ণগঞ্জ সাইলোতে নৌপথে ৪৮০০ মে.টন ঢালা গমের চলাচল উপসূচি (উপসূচি নং-১৯/১)

সূত্র: ১। চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখার ২৯-১০-২০২৪ খ্রি. ১৩.০১.০০০০.০৮১.৫০.০১৪.২২.২৬৮৬ নং স্মারক

২। সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ সাইলো ৩০-০৫-২০২০ খ্রি. এর ১৩.১০.০০০০.০০৭.৫০.২৮১.০৩.৭৪.১৪৯১ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ০৩-১২-২০১৮ খ্রি. তারিখে অনুষ্ঠিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর মহোদয়ের সভাপতিত্বে নৌপথে সুষ্ঠুভাবে খাদ্যশস্য পরিবহণ সংক্রান্ত বিষয়ে মতবিনিময় সভার সিদ্ধান্ত এবং "খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচল সূচি প্রণয়ন নীতিমালা, ২০০৮" এর ৪.১৮, ৭.১ (ক) ও ৭.১ (খ) অনুচ্ছেদ মোতাবেক মোংলা সাইলো হতে নারায়ণগঞ্জ সাইলোতে ঢালা গমের রুট না থাকায় চট্টগ্রাম সাইলো হতে নারায়ণগঞ্জ সাইলো রুটের পরিবহণ দর (সর্বশেষ চুক্তিকৃত কার্যদর) মেজর ক্যারিয়ার, খুলনা ও ডিবিসিসি খুলনা-বরিশাল ঠিকাদারগণের মাধ্যমে মোংলা সাইলো হতে ওয়ারেন্টি অনুযায়ী নৌপথে ৪৮০০ মে. টন ঢালা গমের চলাচলসূচি সূত্রস্থ ১ নং স্মারকে জারির প্রেক্ষিতে উপসূচি নিম্নোক্তভাবে নির্দেশক্রমে জারি করা হলো। উল্লেখ্য, সূত্রস্থ ২ নং স্মারকে নারায়ণগঞ্জ সাইলো জেটির উচ্চতা বিবেচনায় ৫০০ মে.টন ধারণ ক্ষমতার কম জাহাজ বা বার্জ হতে গম খালাস করা অত্যন্ত ঝুঁকিপূর্ণ মমে সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ-এর মতামতের প্রেক্ষিতে ছোট জাহাজসমূহকে সূচি'র বাহিরে রেখে অবশিষ্ট জাহাজসমূহে বোঝাই দেওয়ার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, ডিবিসিসি (খুলনা-বরিশাল) রুটে সূচিকৃত নৌ ঠিকাদারগণ চুক্তির গ-৪ (খ) মোতাবেক জাহাজ ভাড়া করে পরিবহণ করতে পারবেন।

ক্র.নং	ঠিকাদারি প্রতিষ্ঠানের নাম	ঠিকাদারের শ্রেণি ও লট নং	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে. টন)	পণ্য	রুট	মন্তব্য
১.	মেসার্স কাজী ফেরদৌস হোসেন	মেজর ক্যারিয়ার, খুলনা লট নং ১	মোংলা সাইলো	নারায়ণগঞ্জ	নারায়ণগঞ্জ সাইলো	৬০০	ঢালা গম	নৌ পথ	
২.	মেসার্স কাজী সাহিদুর রহমান	ঐ	ঐ	ঐ	ঐ	৬০০	ঐ	ঐ	
৩.	মেসার্স এস এম আকবর হোসেন	ঐ	ঐ	ঐ	ঐ	৬০০	ঐ	ঐ	
৪.	মেসার্স বাহাদুরপুর শিপিং লাইন্স	ঐ	ঐ	ঐ	ঐ	৬০০	ঐ	ঐ	
৫.	মেসার্স সাতক্ষীরা পরিবহন	ডিবিসিসি (খু-ব), লট নং ১	ঐ	ঐ	ঐ	৬০০	ঐ	ঐ	
৬.	মেসার্স মোল্লা ব্রাদার্স শিপিং লাইন্স	ঐ	ঐ	ঐ	ঐ	৬০০	ঐ	ঐ	
৭.	মেসার্স জন্মভূমি পরিবহন	ঐ	ঐ	ঐ	ঐ	৬০০	ঐ	ঐ	
৮.	মেসার্স মিতালী ট্রেডার্স	ঐ	ঐ	ঐ	ঐ	৬০০	ঐ	ঐ	
					মোট =	৪৮০০			

নির্দেশনাসমূহ :

১। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা এবং সাইলো অধীক্ষক, মোংলা, বোঝাইয়ের পূর্বে সরেজমিনে নিরীক্ষণ করে জাহাজ/কোন্স্টারের ঢালা গম পরিবহণের উপযোগী কিনা যাচাই করবেন এবং সার্ভে সার্টিফিকেট, সেইফটি ইকুইপমেন্ট, সার্টিফিকেটের মূল/সত্যায়িত কপি ও অন্যান্য তথ্যাদির সঠিকতা নিরীক্ষণপূর্বক চলাচল সংক্রান্ত যাবতীয় নীতিমালা অনুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন;

২। ওজনের তারতম্য পরিহারের জন্য প্রেরণ কেন্দ্র কর্তৃক একটি কমিটি গঠন করে প্রেরণ কার্যক্রম তদারকী করবেন এবং ঠিকাদারের নৌযানে গম বোঝাইয়ের পর এয়ার টাইট সীল করে নৌযান নারায়ণগঞ্জ সাইলোতে প্রেরণ করবেন। পক্ষান্তরে নারায়ণগঞ্জ সাইলো একটি কমিটি গঠন করে এয়ার

টাইট সীলের সঠিকতা নিশ্চিত হয়ে কমিটির তদারকিতে খালাস কার্যক্রম গ্রহণ করবেন। স্কেল সংক্রান্ত জটিলতাসহ কোথাও অনিয়ম বা সমস্যার উদ্ভব হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ (সাইলো সুপারগণ) তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং খাদ্য অধিদপ্তরকে ত্বরিত অবহিত করবেন।

৩। প্রেরণ ও প্রাপক কেন্দ্রের সংশ্লিষ্ট সাইলো অধীক্ষক/আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক/জেলা খাদ্য নিয়ন্ত্রক গম পরিবহণ, বোঝাই ও খালাস সংক্রান্ত কমিটির কার্যক্রম তদারক করবেন;

৪। কীট আক্রান্ত কোন খাদ্যশস্য প্রেরণ করা যাবে না;

৫। প্রতি বার্ড/নৌযানে প্রেরিত গমের নমুনা অবশ্যই যৌথ স্বাক্ষরে সিলগালা করে ঠিকাদার/প্রতিনিধির নিকট দিতে হবে;

৬। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ডি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাতে হবে এবং এ বিষয়ে প্রয়োজ্য ক্ষেত্রে আখানি/জেখানি/ সাইলো অধীক্ষক/ চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সজাগ দৃষ্টি রাখবেন। উল্লেখ্য যে, সূচির আওতায় প্রেরিত খাদ্যশস্য প্রাপক কেন্দ্র কর্তৃক প্রাপ্ত হলে ইনভয়েস ফেরত বিলম্বিত হওয়ার কারণেই পরিবাহিত খাদ্যশস্য পথক্সাতে প্রদর্শন করা যাবে না;

৭। ডি-ইনভয়েসে ঢালা গমের গুণগতমান ও ধরণ সম্পর্কে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে;

৮। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই অবিলম্বে প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী ফ্যাক্স/ই-মেইল যোগে অধিদপ্তরে প্রেরণ করবেন;

৯। প্রেরিত নমুনা অনুযায়ী গম বুঝে পাওয়ার পরে সূচি ও ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী প্রাপক কেন্দ্র হতে ফ্যাক্স/ই-মেইল যোগে অধিদপ্তরে প্রেরণ করতে হবে;

১০। আগামী ০৬-১১-২০২৪ খ্রি. এর মধ্যে এই সূচি বাস্তবায়ন করতে হবে ;

১১। প্রেরণ কেন্দ্রের সাইলো অধীক্ষক প্রতি সপ্তাহে প্রেরিত পরিমাণ গমের পর্যবেক্ষণ প্রতিবেদন অত্র দপ্তরে প্রেরণ নিশ্চিত করবেন;

১২। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার গম পরিবহণে ব্যর্থ হলে সংশ্লিষ্ট ঠিকাদারের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে এবং জরুরি বিবেচনায় পরবর্তীতে নতুন সূচি কিংবা সরকারি স্বার্থে আগ্রহী ঠিকাদারদের অনুকূলে উপ-সূচি জারি করা হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



৩১-১০-২০২৪

অনিক পাল অম্বু

সহকারী খাদ্য নিয়ন্ত্রক

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা বিভাগ, খুলনা, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা;

২। সাইলো অধীক্ষক, সাইলো অধীক্ষকের দপ্তর, সাইলো অধীক্ষকের কার্যালয়, মোংলা, খুলনা এবং

৩। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০১৪.২২.২৬৯১/১ (৬)

তারিখ: ১৫ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
৩১ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা;
- ২। সাইলো অধীক্ষক, সাইলো অধীক্ষকের দপ্তর, সাইলো অধীক্ষকের কার্যালয়, নারায়ণগঞ্জ;
- ৩। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো);
- ৪। জেলা খাদ্য নিয়ন্ত্রক;
- ৫। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য) এবং
- ৬। খুলনা মেজর কেরিয়ার সমিতি ও খুলনা আঞ্চলিক নৌ-পরিবহণ ঠিকাদার সমিতি (খাদ্য), ৬৯, লোয়ার যশোর রোড (৫ম তলা), খুলনা।



৩১-১০-২০২৪
অনিক পাল অম্ম
সহকারী খাদ্য নিয়ন্ত্রক